১২৫

"শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি"

# উপজেলা পরিষদ

রংপুর সদর, রংপুর।

স্মারক নং-০৫.৫৫.৮৫৪৯.০০০.০৫.০৬.২২- ৭০৬ | তারিখ- ২২/০৯/২০২২

## সভার নোটিশ

রংপুর সদর উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২২ মাসের সভা ২৫/০৯/২০২২খ্রিঃ তারিখ বেলা ০৩:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ হলরুমে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন উপজেলা পরিষদের সম্মানীত চেয়ারম্যান জনাব মোছাঃ নাছিমা জামান ববি।

সংশ্লিষ্ট সদস্য ও কর্মকর্তাগণকে স্ব-স্ব বিভাগের কার্যপত্রসহ নির্ধারিত তারিখ ও সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি:**

০১। গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। গত সভার সিদ্ধান্ত সমূহের অগ্রগতি পর্যালোচনা।
০৩। কমিটির নিয়মিত সভা সম্পর্কিত প্রতিবেদন প্রেরণ সম্পর্কে আলোচনা।
০৪। কমিটির সুপারিশসমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৫। নতুন আইন, বিধি, সার্কুলার প্রজ্ঞাপন সম্পর্কে অবহিত করন।
০৬। মাননীয় উপদেষ্টার উপদেশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৭। UDCC সভা সম্পর্কে আলোচনা।
০৮ বিবিধ।

২২/০৯/২২
(মোছাঃ নুর নাহার বেগম)
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।
ফোন নম্বর-০৫২১-৬২১১৬।

প্রাপক :...................................................

...................................................
রংপুর সদর, রংপুর।

**বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে**

০১। মাননীয় সংসদ সদস্য-২১, রংপুর-৩ আসন।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, রংপুর।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।
০৬। নোটিশ বোর্ড................................................... অফিস।
০৭। অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রংপুর সদর, রংপুর। তাকে পত্রটি উপজেলা ওয়েব পোটালে আপলোড করার জন্য বলা হলো।
০৮। অফিস কপি।

CamScanner

# সেপ্টেম্বর-২২ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী
## রংপুর সদর, রংপুর।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোছাঃ নাছিমা জামান ববি<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>রংপুর সদর, রংপুর। |
| তারিখ | : | ২৫/০৯/২০২২খ্রিঃ। |
| সময় | : | বিকাল : ০৩.০০ ঘটিকা |
| স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ। |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।**

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার জনাব মোছাঃ নুর নাহার বেগম সভাপতির আসন গ্রহণ করার জন্য অনুরোধ জানালে জনাব মোছাঃ নাছিমা জামান ববি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভাপতির আসন গ্রহণ করেন এবং স্বাগত বক্তব্য রাখেন। বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তের জন্য সকল সদস্য ও কর্মকর্তাকে অনুরোধ জানান। সকল কর্মকর্তা নিজ বিভাগের গুরুত্বপূর্ণ বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা করেন। আলোচনা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্রঃ নং | আলোচনা | উপজেলা কমিটির সিদ্ধান্ত | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস :**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর জানান যে, বর্তমানে কোভিড-১৯ নিয়ন্ত্রণের মধ্যে রয়েছে। সকলকে মাস্ক পরিধান করার জন্য মতামত ব্যক্ত করেন। মাস্ক পরিধানের বিষয়ে গ্রামগঞ্জে প্রচার চালানোর জন্য জনপ্রতিনিধিসহ সকলকে অনুরোধ করেন। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সুপারিশ সমূহ:<br>১) সুখী পরিবার ভিত্তিক গ্রাম প্রতিষ্ঠার লক্ষ্যে পরিবার কল্যাণ সংঘ সদস্যগণকে পরিবার পরিকল্পনা, মা-শিশুস্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ প্রদান (প্রতি ইউনিয়নে ১টি করে গ্রাম)<br>২) মমিনপুর ও চন্দনপাট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রবেশের জন্য প্রধান রাস্তা হতে এ্যাপ্রোচ রোড নির্মাণ।<br>৩) রংপুর সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের ত্রিশোর্ধ্ব বিবাহিত নারীগণের জরায়ুমুখে ক্যান্সার (স্ক্রিনিং) ভায়া টেস্ট) শীর্ষক প্রকল্প বাস্তবায়ন | কোভিড-১৯ মোকাবেলায় সকলকে মাস্ক পরিধানে উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর |
| ০২ | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, আইইউডি লক্ষ্যমাত্রা-১০২, অর্জন-৮৫, ইমপ্লান্ট লক্ষ্যমাত্রা-১২৫, অর্জন-২৯৭, স্থায়ী পদ্ধতি লক্ষ্যমাত্রা-৮১, অর্জন- ১৮৬, গর্ভবতীর পরিচর্যা লক্ষ্যমাত্রা- ২৫৮২, অর্জন- ২৭০৯, ডেলিভারী লক্ষ্যমাত্রা- ৩৩৯, অর্জন- ৫০৪, প্রসবোত্তর সেবা লক্ষ্যমাত্রা- ১৩৮০, অর্জন- ১১২৪ এবং শিশু পরিচর্যা লক্ষ্যমাত্রা- ৩৪১৭, অর্জন- ৩৮৫০জন। | | অর্জিত লক্ষমাত্রা ধরে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | **উপজেলা জনস্বাস্থ্য অফিস**<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সুপারিশ সমূহ:**<br>১) ০৫টি ইউনিয়নেহাত ধোয়া ও পুষ্টি বিষয়ে বিভিন্ন স্থানে ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামুলক সভা সেমিনার বা আলোচনা সভা করে সাধারণ জনগণকে শতভাগ হাইজিন অভ্যাস ও শতভাগ অপুষ্টি বিষয়ে সচেতনতা করে তুলতে প্রকল্প গ্রহণ করা যেতে পারে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর সদর, রংপুর। |
| ০৪ | **উপজেলা প্রাণিসম্পদ অফিস**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |
| ০৫ | **সিনিয়র উপজেলা মৎস্য অফিস**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, রংপুর জেলাকে পিরানহা মাছ মুক্ত ঘোষণা করা হয়েছে। এ প্রেক্ষিতে রংপুর সদর উপজেলায় অভিযান, মোবাইল কোর্ট, সচেতনতা সভা, লিফলেট বিতরণ, বাজার পরিদর্শনসহ বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে। এলক্ষ্যে স্থানীয় জনপ্রতিনিধি, গণমান্য ব্যক্তিসহ সকলের সহযোগিতা প্রয়োজন। | | পিরানহা মুক্ত রাখতে জনসচেতনতা সভা, লিফলেট বিতরণসহ হাট-বাজারগুলোতে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ০৬ | **উপজেলা কৃষি অফিস**<br>উপজেলা কৃষি অফিসার, রংপুর সদর, রংপুর বলেন যে, বর্তমানে ০৭টি প্রকল্পের কাজ চলমান আছে। নিয়মিত সার মনিটরিং করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ০৭ | **বরেন্দ্র বহুমুখী উন্নয়ন (বিএমডিএ)**<br>সহকারী প্রকৌশলী, বিএমডিএ, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, রংপুর সদর, রংপুর |
| ০৮ | **উপজেলা খাদ্যনিয়ন্ত্রক দপ্তর**<br>উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, রংপুর সদর, রংপুর |
| ০৯ | **উপজেলা প্রকৌশলী**<br>উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত টাকার বিপরীতে প্রকল্প আহবান করেন। | | ১) বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |

চলমান পাতা-০৩

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | তিনি আরো বলেন যে, উপজেলা পরিষদ কমপ্লেক্স তৈরীর জন্য অত্র উপজেলার পুকুরের দক্ষিণ দিকে বাগান বাড়ীতে জায়গা নির্ধারণ করা হয়েছিলো, কিন্তু সেখানে জীবিত ১৬২টি গাছ কর্তন এর জন্য প্রস্তাব দেয়া হলে গাছ কর্তন না করে অন্য কোন স্থানে কমপ্লেক্স করা যায় কি না সে বিষয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয় হতে তার মতামত চাওয়া হয়। তৎপ্রেক্ষিতে চেয়ারম্যান উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুরসহ অন্যান্য সদস্যগণ এ বিষয়ে প্রস্তাব করেন যে, উপজেলা জনস্বাস্থ্য দপ্তর ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসের মাঝে টিনসেড ঘর যা পূর্বে অফিসার্স ক্লাব হিসেবে ব্যবহৃত হত এবং একটি পুরাতন পরিত্যাক্ত গোডাউন ঘর যা বর্তমানে ব্যবহৃত হচ্ছে না, কিন্তু বর্তমানে পরিত্যাক্ত অবস্থায় রয়েছে। এ জায়গায় উক্ত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ করা যেতে পারে। এছাড়াও প্রয়োজনে জনস্বাস্থ্য অফিসের বাউন্ডারী ওয়ালের কিছু অংশ ভাঙ্গার প্রয়োজন হতে পারে। উক্ত টিনসেড ঘর এবং পরিত্যাক্ত গোডাউন ঘরটি যথাযথ প্রক্রিয়ায় ভেঙ্গে উক্ত স্থানে উপজেলা কমপ্লেক্স ভবন এবং হলরুম নির্মাণ করা যেতে পারে। এতে করেঃ-<br>১) উক্ত জায়গাটি হলে ০৩টি জীবিত গাছ কাটতে হবে। এছাড়াও জায়গাটি সরাসরি গেট বরাবর।<br>২) প্রস্তাবিত জায়গায় কমপ্লেক্স হলে ১৬২টি গাছ কর্তন করতে হবে না এবং পুকুর ভরাট করার প্রয়োজন নাই।<br>৩) পূর্বের জায়গায় কমপ্লেক্স করলে নতুন করে রাস্তা বানানোর দরকার। যা বর্তমান প্রস্তাবিত জায়গায় প্রয়োজন হবে না।<br>উক্ত টিনসেড ঘর এবং অব্যবহৃত পরিত্যাক্ত গোডাউনটি অপসারণের নিমিত্তে উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুরকে বিধি মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম করার জন্য গুরুত্বারোপ করেন। | ২) বিস্তারিত আলোচনান্তে উপজেলা জনস্বাস্থ্য দপ্তর ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসে মধ্যখানে ফাঁকা জায়গায় রংপুর সদর উপজেলার সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের জায়গা পুনঃ নির্ধারণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩) উপজেলা জনস্বাস্থ্য দপ্তর ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসে মধ্যখানে ফাঁকা জায়গায় ০৩টি গাছের মূল্য রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, সামাজিক বন বিভাগ, রংপুর কর্তৃক নির্ধারণ পূর্বক, উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪) টিনসেড ঘর এবং অব্যবহৃত পরিত্যাক্ত গোডাউন ঘর অপসারণ তথা নিলামে বিক্রয়ের লক্ষ্যে বর্ণিত পরিত্যাক্ত ঘরের মূল্য উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর নির্ধারণ পূর্বক উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর বরাবর প্রতিবেদন প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>(৫) নতুন প্রস্তাবিত স্থানের ০১(এক) টি টিনসেড আধাপাকা ঘর (যা পূর্বে অফিসার্স ক্লাব হিসেবে ব্যবহৃত হত) এবং ০১(এক)টি পরিত্যাক্ত অব্যবহৃত গোডাউন ঘর এর ভ্যালুয়েশন উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর এর নিকট থেকে প্রাপ্তির পর পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জেলা কনডেমনেশন কমিটি বরাবরে পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>৬) প্রস্তাবিত স্থানের বর্ণিত ০৩(তিন)টি গাছের মূল্য রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, সামাজিক বন বিভাগ, রংপুর এর নিকট থেকে প্রাপ্তির পর জেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটির মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর / রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, সামাজিক বন বিভাগ, রংপুর। |
| ১০ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রংপুর সদর, রংপুর। |
| ১১ | **উপজেলা শিক্ষা অফিস**<br>উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুরের প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ১২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |
| ১৩ | **উপজেলা সমাজসেবা অফিস**<br>উপজেলা সমাজসেবা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ১৪ | **উপজেলা যুব উন্নয়ন অফিস**<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৫ | **উপজেলা মহিলা বিষয়ক অফিস**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর |
| ১৬ | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর |

চলমান পাতা-৪

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৭ | **উপজেলা সমবায় অফিস**<br>উপজেলা সমবায় অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৮ | **উপজেলা পরিসংখ্যান অফিস**<br>উপজেলা পরিসংখ্যান, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, মাসিক কৃষি মজুরী তথ্য সংগ্রহ ও জেলা অফিসে প্রেরণসহ বিভিন্নস্থায়ী অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব প্রেরণ। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান, রংপুর সদর, রংপুর |
| ১৯ | **উপজেলা বন বিভাগ**<br>রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, রংপুর সভায় জানান যে, অবৈধভাবে ব্যবহৃত করাত কল বন্ধের জন্য অভিযান পরিচালনা করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, রংপুর। |
| ২০ | **উপ-সহকারী প্রকৌশলী বিএডিসি :**<br>উপ-সহকারী প্রকৌশলী, রংপর সদর, রংপুর সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | আগামী সভায় উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |
| ২১ | **উপজেলা আনসার ও ভিডিপি অফিস**<br>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রংপুর সদর, রংপুর |
| ২২ | **বিবিধ:**<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সরকারী বাংলো মেরামত এবং ঈদে মিলাদুন্নবী উপলক্ষ্যে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন করার সভায় উপস্থান করেন। | বিস্তারিত আলোচনান্তে রংপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সরকারী বাংলো মেরামত এবং ঈদে মিলাদুন্নবী উপলক্ষ্যে ব্যয়িত ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর। |
| | উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর জানান যে, সাফ নারী ফুটবল চ্যাম্পিয়ানশিপ-২০২২ এর ফাইনালে গত ১৯/০৯/২০২২ তারিখ বাংলাদেশ নারী ফুটবল টিম নেপাল দলকে ৩-১ গোলের ব্যবধানে পরাজিত করে তাদের প্রথম শিরোপা অর্জন করে ও ২০২২ সাফ মহিলা চ্যাম্পিয়নশিরোপায় চ্যাম্পিয়ন হয়। রংপুর সদর উপজেলার সদ্যপুস্করিনী ইউনিয়নের বাসিন্দা সিরাত জাহান স্বপ্না সাফ চ্যাম্পিয়নশীপ দলের জয়ী খেলোয়াড়দের মধ্যে অন্যতম।<br><br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, নারী ফুটবল দলের সাফ চ্যাম্পিয়নশীপ ২০২২ বিজয়ী অন্যতম খেলোয়াড় রংপুর সদর উপজেলার সদ্যপুস্করিনী ইউনিয়নের কৃতি সন্তান সিরাত জাহান স্বপ্না। গত ১৯/০৯/২০২২খ্রিঃ তারিখে তারাই আমাদের রংপুরের মুখ উজ্জল করে তুলেছে। মেয়েদের ফুটবলে সুনাম অক্ষুণ্ন এবং তাদের ভবিষ্যৎ এর জন্য উৎসাহিত করতে সারা বাংলাদেশের অন্যান্য খেলোয়াড়দের মত তাকেও রংপুর সদর উপজেলার সকল জনগণের পক্ষ থেকে গণসংবর্ধনা দেয়ার দাবি উঠে। তিনি আরো বলেন যে, সিরাত জাহান স্বপ্নাকে রংপুর সদর উপজেলার | বিস্তারিত আলোচনান্তে রংপুর সদর উপজেলার সদ্যপুস্করিনী ইউনিয়নের কৃতি সন্তান সিরাত জাহান স্বপ্নার আগমন উপলক্ষ্যে ব্যয় এবং সদর উপজেলার পক্ষ থেকে গণসংবর্ধনা অনুষ্ঠানের ব্যয়িত অর্থ রাজস্ব তহবিল হতে নির্বাহ করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর। |

চলমান পাতা-০৫

| | | | |
|---|---|---|---|
| | পক্ষ থেকে গণসংবর্ধনা তার নিজ গ্রামে আয়োজন করার জন্য মতামত ব্যক্ত করেন। তিনি গণসংবর্ধনা অনুষ্ঠানের ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করার জন্য সকলের মতামত এরই প্রেক্ষিতে উপজেলা পরিষদের পক্ষ থেকে সংবধনা দেয়ার পক্ষে মতামত চাওয়া হলে উপস্থিতি সকলে এই বিষয়ে সর্বসম্মতিক্রমে মতামত ব্যক্ত করেন। | | |
| | উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, অতি সম্প্রতি রংপুর সদর উপজেলায় বিভিন্ন ইউনিয়নে মাদকের প্রাকপ বৃদ্ধি পেয়েছে। প্রায়শই বিভিন্ন স্থানে মাদকের গ্রহণ, বিক্রয় ইত্যাদি ও বাল্যবিবাহ সংঘটিত হওয়ার অভিযোগ পাওয়া যাচ্ছে। এ বিষয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, স্থানীয় প্রশাসনের হস্তক্ষেপের পাশাপাশি জনগণের মাঝে অভিভাবক ও শিক্ষার্থীর মাঝে মাদক ও বাল্যবিবাহের কুফল সম্পর্কে সচেতন করে তোলার লক্ষ্যে অভিভাবক সমাবেশ ও মতবিনিময় সভা আয়োজনের গুরুত্বারোপ করেন। এরই প্রেক্ষিতে জেলা প্রশাসক, রংপুর মহোদয়কে প্রধান অতিথি করে গত ১৩/০৯/২০২২খ্রিঃ তারিখে হরিদেবপুর ইউনিয়ন শিবের বাজার সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে "মা" সমাবেশের আয়োজন করা হয়েছে। উক্ত সমাবেশে জেলা প্রশাসক, রংপুরসহ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রংপুরসহ স্থানীয় এবং গন্যমান্য ব্যক্তিবর্গ ও রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এ সমাবেশে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন করার জন্য সভায় উপস্থাপন করেন। | বিস্তারিত আলোচনান্তে রংপুর সদর উপজেলার হরিদেবপুর ইউনিয়নে অনুষ্ঠিতব্য "মা" সমাবেশে ব্যয়িত ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয় অনুমোদন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, তার কার্যালয়ের প্রিন্টারের কালী ক্রয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন করার জন্য সভায় উপস্থাপন করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ কার্যালয়ের প্রিন্টারের কালী ক্রয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ নাছিমা জামান ববি)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
রংপুর সদর, রংপুর।

CamScanner

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

রংপুর সদর, রংপুর।

স্মারক নং-০৫.৫৫.৮৫৪৯.০০০.০৫.০৬.২২- ৭০৫

তারিখ- ২৫/০৯/২০২২

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২১ রংপুর-৩, রংপুর।

০৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বংলাদেশ সচিবালয়, ঢাকা ।

০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, রংপুর।

০৬। পুলিশ সুপার, রংপুর।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর রংপুর।

০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর ।

৯। উপজেলা.......................................... অফিসার, রংপুর সদর, রংপুর ।

১০। চেয়ারম্যান....................................... ইউনিয়ন পরিষদ (সকল), রংপুর সদর রংপুর।

১১। জনাব ...............................................................

১২। অফিস কপি।

(মোছাঃ নুর নাহার বেগম)
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।